# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতা নির্দেশিকা

### বিষয়ঃ পুষ্টি বাগান

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য "**উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'পুষ্টি বাগান' সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'পুষ্টি বাগান প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'পুষ্টি বাগান প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**পুষ্টি বাগান**

বাড়ি বা কমিউনিটিভিত্তিক সবজি বাগান স্থানীয় পর্যায়ে পুষ্টির একটি গুরুত্বপূর্ণ উৎস, যা পরিবারের পুষ্টিগত ঘাটতি পূরণে সহায়তা করতে পারে। শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের পুষ্টি ক্লাবের মাধ্যমে বাগান কার্যক্রমে সম্পৃক্ত হতে উৎসাহিত করা হচ্ছে।এছাড়াও, অনেক ব্যক্তি ও পরিবারের নিজস্ব আঙিনা বা বসতবাড়ির বাগান রয়েছে, যা তাদের খাদ্য চাহিদা পূরণে সহায়তা করে। যাদের নিজস্ব বাগান নেই, তারা নির্ধারিত বিষয়বস্তুর ভিত্তিতে সঠিক পুষ্টি নিশ্চিত করতে পারে এমন একটি আদর্শ বাগানের নকশা বা চিত্র কল্পনা করে তৈরি করতে পারবে এবং তাদের কাজ ডিজিটাল নকশা বা চিত্রাঙ্কন হিসেবে জমা দিতে পারবে।

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক:** ছোট বাগান, বড় পুষ্টি—সুস্থ আগামী দিনের ভিত্তি

**গ্রুপ খ:** পুষ্টির শুরু বাগান থেকে, শুধু বাজার থেকে নয়

**গ্রুপ গ:** টেকসই বাগান নিশ্চিত করে বিশ্বব্যাপী পুষ্টি ও খাদ্য নিরাপত্তা

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে নিবন্ধন ফরম পূরণ করতে হবে এবং নিবন্ধনের সময় ' পুষ্টি বাগান কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- প্রতিযোগীরা এককভাবে অথবা সর্বোচ্চ ৩ (তিন) সদস্যের দল হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী, তার অভিভাবক অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘পুষ্টি বাগান প্রতিযোগিতা’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**পুষ্টি বাগান প্রতিযোগিতায় নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল

2. **পুষ্টি বাগান প্রতিযোগিতার কাঠামো:**
    - বাগানের ধরন
    - বাগানের সংক্ষিপ্ত বিবরণ (সর্বোচ্চ ৫০ শব্দ)
    - বাগানের আকার
    - সবজির নামসমূহ
    - গত ৩ মাসের উৎপাদন (কেজি/অন্যান্য এককে)
    - পুষ্টিগুণ সম্পর্কে ধারণা (সর্বোচ্চ ২০ শব্দ)
    - বাগান কার্যক্রমে যুক্ত ব্যক্তিদের সংখ্যা ও পরিচয়
    - অন্যান্য তথ্য (সর্বোচ্চ ২০ শব্দ)
    - অংশগ্রহণকারীর সঙ্গে বাগানের রঙিন ছবি (বাগানে দাঁড়ানো অবস্থায়)। যাদের বাস্তব বাগান নেই, তারা তাদের কল্পিত বাগানের নকশা বা চিত্র অঙ্কন করে জমা দিতে পারবে।
3. **ফরম্যাটিং:**

    ফন্ট: Gill Sans MT (English) অথবা কালপুরুষ (বাংলা), ফন্ট সাইজ: ১২, কোনো বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা। সাইজের কাগজের মাপ: A4।
4. **ভাষাঃ** বাংলা বা ইংরেজি।
5. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:** অংশগ্রহণকারীরা গুগল ফর্ম অথবা ই-মেইলের মাধ্যমে নির্ধারিত তথ্য জমা দেবে। ই-মেইলের বিষয় (Subject)-এ অবশ্যই 'পুষ্টি বাগান প্রতিযোগিতা' উল্লেখ করতে হবে।

**প্রাথমিক বাছাই:**

- প্রতিটি নির্ধারিত বয়সভিত্তিক গ্রুপ থেকে সেরা ১৫টি পুষ্টি বাগান ধারণা (Idea) নির্বাচন করে INO ২০২৬ এ প্রদর্শনের জন্য মনোনীত করা হবে।

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি বয়সভিত্তিক গ্রুপ থেকে সেরা ৩টি পুষ্টি বাগানকে বিজয়ী ঘোষণা করা হবে।

**স্কোরঃ**

| ক্রম | ধরণ | নাম্বার |
|---|---|---|
| ০১ | (শাকসবজি) পুষ্টি মান | ২৫ |
| ০২ | পরিবার/ দলের সদস্যদের অংশগ্রহণ | ২৫ |
| ০৩ | নিয়মিত পরিচর্যা ও কার্যক্রম | ২০ |
| ০৪ | উদ্ভাবনী ধারণা | ২০ |
| ০৫ | নিয়ম অনুসরণ | ১০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- পুষ্টি বাগানের ধারণা অবশ্যই অংশগ্রহণকারীদের নিজস্ব হতে হবে। পরামর্শদাতা বা মেন্টরের দিকনির্দেশনা গ্রহণ করা যেতে পারে।
- কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বা অন্য কোনো অনলাইন সহায়ক টুল ব্যবহার করে তৈরি ধারণা গ্রহণযোগ্য হবে না এবং তা বাতিল বলে গণ্য হবে।
- যেকোনো ধরনের অসদুপায় বা অনিয়মের আশ্রয় নিলে অংশগ্রহণ বাতিল করা হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- নির্বাচিত পুষ্টি বাগান ছবি এবং অংশগ্রহণকারীর তথ্য (ছবি, নাম, বয়স, ঠিকানা) BIID Foundation-এর ওয়েবসাইটে প্রকাশ করা হতে পারে।
- INO ২০২৬ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

**যোগাযোগঃ**

পুষ্টি বাগান প্রতিযোগিতা সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯, অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**